

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৩(আগরতলা, ৬।৩)
কুমারঘাট, ৬ মার্চ, ২০১৯

**কুমারঘাটে বিপর্যয় মোকাবিলায় আগাম
প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

বিপর্যয় মোকাবিলায় আগাম সতর্কতা অবলম্বন এবং দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি কিভাবে হ্রাস করা যাবে সে বিষয়ে গতকাল কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে পঞ্চায়েত রাজ ট্রেইনিং ইনস্টিটিউটে মহকুমাভিত্তিক এক সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, গত বছর উনকোটি জেলার বিভিন্ন অঞ্চলের মধ্যে কুমারঘাট মহকুমায় যে বন্যা হয়েছিল সেই অভিজ্ঞতাকে মাথায় রেখে আজকের এই সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন সমাজসেবী অনিমেঘ সিনহা। বিভিন্ন দপ্তরের মহকুমা স্তরের আধিকারিকগণ সভায় অংশগ্রহণ করেন।

সভার প্রারম্ভিক ভাষণে মহকুমা শাসক সন্দীপ চক্রবর্তী গত বছরের বন্যা ও তার ক্ষয়ক্ষতি, বন্যা মোকাবিলায় প্রশাসনের অভিজ্ঞতার কথা সভায় তুলে ধরেন। আগামী দিনে এইরূপ বন্যা বা অন্য প্রাকৃতিক বিপর্যয় হলে ক্ষয়ক্ষতি হ্রাস করার লক্ষ্যে স্বেচ্ছা সেবকদের টিম গঠন করে রাখার পাশাপাশি কে কোথায় কিভাবে দায়িত্ব পালন করবে তার একটি রূপরেখাও সভায় তুলে ধরেন। সভায় কুমারঘাট ব্লকের বি ডি ও মিঠুন দাস চৌধুরী বিপর্যয়ের পর দুর্গতদের সাহায্যার্থে স্বেচ্ছাসেবকদের তালিকায় মহিলাদের নাম রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি বিপর্যয়ের পর দুর্গতদের খাদ্যের যোগান সুচারুভাবে সরবরাহ করতে আগে থেকেই মহকুমায় জোন ভাগ করে কিছু দোকানের তালিকা ঠিক করে রাখতে বলেন। ফলে সেখান থেকে দুর্গতদের সহজেই খাদ্যের যোগান দেওয়া যাবে। সভায় এছাড়া আলোচনা করেন আসাম রাইফেলস, অগ্নিনির্বাপক, পানীয়জল ও স্বাস্থ্যবিধি ইত্যাদি দপ্তরের প্রতিনিধিগণ, সমাজসেবী মনোজ পাল চৌধুরী এবং সেন্টার হাউজের ইনচার্জগণ।
